
দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বন্ধ হোক শিক্ষার নামে বাণিজ্য

তন্ময় সেন



বর্তমানে আমাদের দেশে প্রকৃত শিক্ষাটা দিন দিন হারিয়ে যাচ্ছে। আজ আর কেউ কিছু শিখতে বা জানতে স্কুলে যায় না। কোচিং সেন্টারের ভিড়ে হারিয়ে যাচ্ছে প্রকৃত মেধাবীরা। শিক্ষা মন্ত্রণালয় থেকে আইন পাস হলেও তা কাগজে-কলমে সীমাবদ্ধ। এর আগে নিয়ম করা হলো স্কুল-শিক্ষক তার স্কুলের ছাত্রকে প্রাইভেট পড়াতে পারবে না। আমাদের দেশের নিয়মানুযায়ী এটা নিয়ে কয়দিন বেশ সংবাদ প্রকাশিত হলো। কিন্তু কিছুদিন পরে সব চুপচাপ। মজার বিষয়, আজকাল সরকারি স্কুলগুলোতে আলাদাভাবে কোচিং করানো হচ্ছে। যেখানে কোচিং বন্ধে সরকার পদক্ষেপ নিচ্ছে সেখানে সরকারি স্কুলগুলো কোন অধিকারে বা কোন আইনে সরকারি স্কুলগুলোতে ক্লাসের বদলে অতিরিক্ত টাকা নিয়ে কোচিং চালাচ্ছে? আর নম্বর বেশি পাওয়ার লোভে ছাত্রছাত্রীরা কিছু শিখতে বা জানতে নয় রোজ হাজিরা দেবার জন্যে দৌড়াচ্ছে। কোচিং আর প্রাইভেটের ভিড়ে হারিয়ে যাচ্ছে আমাদের দেশের আগামীর রবীন্দ্রনাথ, নজরুল বা হুমায়ূন আহমেদ। আমাদের দেশে তৈরি হচ্ছে না নিউটন বা স্টিভ জবস। ছোট থেকে একটা বাচ্চা চোখের সামনে বাণিজ্যকরণ দেখে বড় হলে তারা দুর্নীতি থেকে কিভাবে দূরে থাকবে? সরকারি স্কুলগুলোতে কোচিং বাণিজ্য অবিলম্বে বন্ধ করে শিক্ষার প্রকৃত পরিবেশ ফিরিয়ে আনা হোক, বন্ধ হোক শিক্ষার নামে এই বাণিজ্য।

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া